

# শিকার কাহিনী

কমলকুমার দত্ত

এই হলিডে হোমের জানালা থেকে সমুদ্র দেখা যায় না  
শুধু সমুদ্রের গর্জন ভেসে আসে  
যারা এই হলিডে হোমে বেড়াতে আসেন  
তারা লাগেজ রেখে প্রথমেই চারের সম্মান করেন  
চা-টা খাওয়ার পর তাদের মনে পড়ে সমুদ্রের কথা  
তারা তখন হলিডে হোমের জানালা খুলে দেন, আর  
সমুদ্র দেখতে পান না  
তখন কেয়ার - টেকারের ওপর চোটপাট করেন  
কেয়ার-টেকার কাঁচুমাচু হয়ে বলে যে দু'পা গেলেই  
তখন তারা রেগেমেগে সমুদ্র দেখতে বেরোন  
সারাদিন এটা-ওটা দেখে সন্দেচ্চা সী-বীচে কাটিয়ে  
রাতে ফিরে আসেন তারা, তারপর  
খাওয়া - দাওয়া করে ঘুমিয়ে পড়েন, আর সারারাত  
জানালা দিয়ে তাদের দিকে সমুদ্রের গর্জন ছুটে আসে  
প্রথম রাতটায় ঘুমের একটু ব্যাঘাত ঘটলেও  
পরের রাত থেকে অভ্যাস হয়ে যায়  
যেসব ট্যুরিস্ট আরো বেশিদিন এই হলিডে হোমে কাটান  
তারা জানালা খোলা রেখেই দিব্য  
রাতের খেলাধূলা সারেন, ছবি দেখেন—  
নীল - নীল ছবি

## আত্মহত্যার ধারাবিবরণী

ফ্রিপ্ট এমনভাবে লিখি যাতে দরকার বুঝালে  
সংলাপ ইচ্ছেমত পাল্টে নেওয়া যায়  
কৃশীলবদের বলি—আপনারা স্বাভাবিক অভিনয় করুন  
ক্যামেরাকে শুধু মাঝে মাঝে মনে করিয়ে দিতে হয় :  
যেমন ইচ্ছে দেখুন কিন্তু আপনি সম্পাদিত হবেন  
সম্পাদককে বলি—টাকার দরকার হলে বলবেন  
সংকোচ করবেন না, বলি-স্টার্ট ক্যামেরা, সাউন্ড  
আর ক্যামেরা চালু হলে যায়, সংলাপ শুরু হয়ে যায়  
বলি—কাট্, আর ক্যামেরা বন্ধ হয়ে যায়, কথা থেমে যায়

বছরের পর বছর এইভাবে কাজ করতে করতে  
এখন আমি বুঝাতে পারি সেলুলায়েড, বলতে পারি  
খুবই ছোট আমাদের ছবি বাজার  
তারই মধ্যে বিশেষ একশ্রেণীর দর্শকের কথা মনে রেখে  
আমাদের কাজ করতে হয়, চরিত্রগুলিকে বলি—  
এই নিন আপনার ডায়ালগ, স্বাভাবিক অভিনয় করুন

ছবি তৈরি করার সেই সূচনাপর্ব থেকে এভাবেই  
আমি নিজের চিত্রনাট্য নিজে লিখে যাচ্ছি।